

# Notre dame holy cross high school, Moharpara

1st periodical test examination -- 2021

Subject-- Bengali

Class --- VI

Mark = 40

১/ বোধ পরীক্ষণ প্রশ্নগুলির নিম্নে দেওয়া হল:---

1×3 = 3

রামলালের বয়স কম ছিল, কিন্তু দুষ্টমি বুদ্ধি কম ছিল না। গ্রামের লোকে তাকে ভয় করিত। অত্যাচার যে তাহার কখন কোন্ দিক দিয়া কিভাবে দেখা দিবে সে কথা কাহারও অনুমান করিবার জো ছিল না। তাহার বৈমাত্র বড়ভাই শ্যামলালকেও ঠিক শান্ত প্রকৃতির লোক বলা চলে না, কিন্তু সে লঘু অপরাধে গুরুদণ্ড করিত না। গ্রামের জমিদারী কাছারিতে সে কাজ করিত এবং নিজের জমিজমা তদারক করিত। তাদের অবস্থা স্বচ্ছল ছিল। পুকুর, বাগান, ধানজমি, দু-দশ ঘর বাগদী প্রজা এবং কিছু টাকাও ছিল। শ্যামলালের পত্নী নারায়ণী য়েবার প্রথম ঘর করিতে আসেন --- সে আজ তের বছরে রামের বিধবাজননীর মৃত্যু হয়। মৃত্যুকালে তিনি আড়াই বছরের শিশু রাম এবং এই সমস্ত সংসারটা তাঁহার তের বছরের বালিকা পুত্রবধূ নারায়ণীর হাতে তুলিয়া দিয়া যান।

রামের সুমতি/ শরৎচন্দ্র চট্টোপাধ্যায়।

ক) রামলালকে গ্রামের লোক ভয় করত কেন ?

খ) নারায়ণী কে?

গ) নারায়ণী সম্পর্কে রামলালের কে ?

২/ শব্দার্থ লিখ:--- (যেকোনো ২টি)

প্রস্থান, অব্দুদ, পিপাসিত।

1×2=2

৩/ বিপরীত শব্দ লিখ:--- (যেকোনো ২টি)

আবশ্যিক, বলবান, অনুজ।

1×2=2

৪/ বাক্য রচনা লিখ:---

পুষ্টি, দেশান্তর।

1×2=2

৫/ অতি সংক্ষিপ্ত প্রশ্নাবলী উত্তর দাও:--- (যেকোনো ৪টি)

1×4=4

ক) মিসৌরি কি? কোথায় অবস্থিত?

খ) মাটিতে বারুদ পুঁতলে কি সত্যিই শস্য ফলে?

গ) বৃষ্টিবিন্দু কিভাবে পৃথিবী বাসায়?

ঘ) রামচন্দ্র কে? তিনি কোথায় বনবাসে গিয়েছিলেন?

ঙ) চন্দ্রকলা কি?

৬/ সংক্ষিপ্ত প্রশ্নাবলী উত্তর দাও:--- (যেকোনো ২টি)

3×2 = 6

ক) 'শুনিলে চমৎকৃত হইবে, উহা আমাদের দেশের শস্যবিশেষ।'--- কে কখন কাদের এ কথা বলেন? কোন্ জিনিসের উল্লেখ এখানে করা হয়েছে? বক্তা সেগুলি দিয়ে কি করতে বলেছিলেন?

খ) 'যে একা সে-ই ক্ষুদ্র, সে-ই সামান্য।'--- কাদের কথা? তাদের এ কথা বলার কারণ কি বুঝিয়ে লেখ।

গ) 'চন্দ্রকলা ভ্রমে রাহু করিল কি গ্রাস।'--- চন্দ্রকলা কি? রাহু কি? রাহু চন্দ্রকে গ্রাস করে কেন?

৭/ রচনাধর্মী প্রশ্নাবলী উত্তর দাও:--- (যেকোনো ২টি)

5×2=10

ক) 'বহুদিন অতীত হইল, তথাপি চারা নির্গত হইল না।'--- কোন্ ঘটনার উল্লেখ এখানে করা হয়েছে? কে কিভাবে কাদের চাষ করতে বলেছিলেন?

খ) বৃষ্টির কাজ কি? বৃষ্টি আমাদের কি কি অপকার করে?

গ) 'চিরদিন পিপাসিত করিয়া প্রয়াস।

চন্দ্রকলা ভ্রমে রাহু করিল কি গ্রাস।।'--- কে কার প্রতি এ কথা বলেছেন? রাহুকে 'চিরদিন পিপাসিত' বলা হয়েছে কেন?

৮/ ব্যাকরণ প্রশ্নগুলি উত্তর দাও:--

3×2=6

ক) ধ্বনি কাকে বলে? ধ্বনি কত প্রকার ও কি কি? প্রত্যেক প্রকারের উদাহরণসহ সংজ্ঞা দাও।

খ) সন্ধি কাকে বলে? সন্ধি কত প্রকার ও কি কি? প্রত্যেক প্রকারের উদাহরণসহ সংজ্ঞা দাও।

৯/ নীচে প্রবন্ধ লিখ:-- 5×1=5

ক) পরিবেশ দূষণ।